

মারইয়াম | Maryam | مَرْيَمَ

আয়াতঃ ১৯ : ৬৬

আরবি মূল আয়াত:

وَيَقُولُ الْإِنْسَانُ إِذَا مَا مِتُّ لَسَوْفَ أُخْرَجُ حَيًّا ﴿٦٦﴾

অনুবাদসমূহ:

আর মানুষ বলে, ‘আমার মৃত্যু হলে আমাকে কি জীবিত অবস্থায় উত্থিত করা হবে?’ — আল-বায়ান

মানুষ বলে, ‘কী! আমি যখন মরে যাব, আমাকে তখন কি জীবিত করে উঠানো হবে?’ — তাইসিরুল

মানুষ বলেঃ আমার মৃত্যু হলে আমি কি জীবিত অবস্থায় পুনরুত্থিত হব? — মুজিবুর রহমান

And the disbeliever says, "When I have died, am I going to be brought forth alive?" — Sahih International

৬৬. আর মানুষ বলে, আমার মৃত্যু হলে আমি কি জীবিত অবস্থায় উত্থিত হব?

-

তাফসীরে জাকারিয়া

(৬৬) মানুষ[1] বলে, ‘আমার মৃত্যু হলে আমি কি জীবিত অবস্থায় পুনরুত্থিত হব?’ [2]

[1] এখানে মানুষ বলতে সাধারণ কাফেরকে বুঝানো হয়েছে; যারা কিয়ামত ও পুনরুত্থানে বিশ্বাসী নয়।

[2] এখানে প্রশ্ন অস্বীকৃতির অর্থে ব্যবহার হয়েছে; অর্থাৎ, আমি মৃত্যুর পর যখন মাটিতে মিশে নিশ্চিহ্ন হয়ে যাব, তখন আমাকে পুনঃ দ্বিতীয়বার কিভাবে সৃষ্টি করা হবে? অর্থাৎ এরূপ সম্ভব নয়।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=2316>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন